



# বেসিক ব্যাংক পিএলসি.

সহায়িত্ব পথে যাত্রায়েত সাথে

শতভাগ রাষ্ট্র মালিকানাধীন বাণিজ্যিক ব্যাংক

দিলকুশা শাখা, ঢাকা

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩(৫) ধারার বিধান মোতাবেক সার্টিফিকেট দ্বারা অর্জিত সম্পত্তি বিক্রয়ের নিমিত্তে

## নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বেসিক ব্যাংক পিএলসি., দিলকুশা শাখা, ঢাকা এর খেলাপী ঋণ গ্রহীতা/ বিবাদী/দায়িকগণ যথাক্রমে (১) মেসার্স ডাভ এন্টারপ্রাইজ, স্বত্তাধিকারী-মোঃ রিয়াজুল ইসলাম, ১, হারানখ ঘোষ রোড, চকবাজার, লালবাগ, ঢাকা এবং ৯৮, হরনাথ ঘোষ রোড, চকবাজার, লালবাগ, ঢাকা এবং বাড়ী নং-২৪, রোড নং-০৬, ফ্ল্যাট নং-সি-৫, ধানমন্ডি, ঢাকা-১২০৫ এবং ডানহেম ম্যানসন, এস.এস.কে রোড, পুরাতন পুলিশ কোয়ার্টার, ফেনী, চট্টগ্রাম এবং ৪০, উমেশ দত্ত রোড, ঢাকা এবং এমসিটি হাফজুল্লাহ গ্রীন, বাড়ী নং-১৫/এ (২য় তলা), ফ্ল্যাট নং-ডি-১, রোড নং-২/এ, ঝিগাতলা, ধানমন্ডি, ঢাকা। (২) মোঃ রিয়াজুল ইসলাম, পিতা-মরহুম তাজুল ইসলাম, স্বত্তাধিকারী-মেসার্স ডাভ এন্টারপ্রাইজ, বাড়ী নং-২৪, রোড নং-০৬, ফ্ল্যাট নং-সি-৫, ধানমন্ডি, ঢাকা-১২০৫ এবং ডানহেম ম্যানসন, এস.এস.কে রোড, পুরাতন পুলিশ কোয়ার্টার, ফেনী, চট্টগ্রাম এবং ৪০, উমেশ দত্ত রোড, ঢাকা। (৩) জনাবা জাহ্নাতুল ফেরদৌস ওরফে রিমা ইসলাম, স্বামী-রিয়াজুল ইসলাম, ডানহেম ম্যানসন, এস.এস.কে রোড, পুরাতন পুলিশ কোয়ার্টার, ফেনী, চট্টগ্রাম এবং ১, হারানখ ঘোষ রোড, চকবাজার, লালবাগ, ঢাকা। (৪) মোঃ মোশারফ হোসাইন আকন্দ, পিতা-মরহুম লাল মিয়া আকন্দ ওরফে গিয়াস উদ্দিন, গ্রাম-বাহবাড়ি, থানা-শ্রীপুর, জেলা-গাজীপুর। এদের বিরুদ্ধে ডিক্রীদার বেসিক ব্যাংক পিএলসি., দিলকুশা শাখা, ঢাকা, অর্থজারী মোকদ্দমা নং-২৯০/২০২১ (উদ্ধৃত: অর্থঋণ মোকদ্দমা নং-৯৫/২০১৭) দায়ের করিয়া অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩(৫) ধারার বিধান মোতাবেক ডিক্রীদার ব্যাংকের পাওনা ও ডিক্রীকৃত টাকা ৩৫,২৭,৩৯,৯৪৮.৬৭ (পঁয়ত্রিশ কোটি সাতাশ লক্ষ উনচল্লিশ হাজার নয় শত আটচল্লিশ টাকা ছয় সাত পয়সা) টাকা মাত্র (২৪.১১.২০২১ ইং তারিখ পর্যন্ত) এবং উক্ত টাকা আদায় কালতক পর্যন্ত সময়ের জন্য ডিক্রীকৃত টাকার উপর ১২% বার্ষিক সরল সুদ পরিশোধ না হওয়া পর্যন্ত দায়িক পক্ষের স্বত্ব দখলীয় নিম্ন তফসিল ভুক্ত সম্পত্তি দখল ভোগের/বিক্রয়ের অধিকার লাভ করে এবং বিগত ২৫-০৬-২০২৫ ইং তারিখে বিজ্ঞ জজ, অর্থঋণ আদালত নং-১, ঢাকা ডিক্রীদার ব্যাংকের বরাবরে একখানা সার্টিফিকেট প্রদান করেন। ফলে ডিক্রীদার ব্যাংক কর্তৃক পাওনা ডিক্রীকৃত টাকা এবং নিলামকাল পর্যন্ত সুদ ও আনুসঙ্গিক খরচ আদায়ের লক্ষে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তির নিলামে বিক্রয়ের নিমিত্তে আত্মীয় ক্রেতাগণের নিকট হইতে নিম্ন লিখিত শর্ত সাপেক্ষে দরপত্র আহবান করা যাইতেছে। আগামী ০৪/০৩/২০২৬ ইং তারিখ বেলা ২.০০ (দুই) ঘটিকার মধ্যে ব্যাংকের দিলকুশা শাখায় রক্ষিত বাস্তব সরাসরি বা রেজিস্ট্রীকৃত ডাকযোগে দরপত্র জমা করিতে হইবে। দরপত্র অবশ্যই শর্ত মুক্ত হইতে হইবে।

### -শর্তসমূহ-

- ০১) প্রত্যেক দরপত্র অত্র বিজ্ঞপ্তি সহকারে তাহাদের নিজস্ব প্যাডে অথবা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে তাহাদের নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে), টেন্ডার মূল্য অংকে ও কথায় লিখিয়া এবং দরপত্র সীল মোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে “সম্পত্তি ক্রয়ের দরপত্র” লিখিয়া দাখিল করিতে হইবে।
- ০২) আত্মীয় প্রত্যেক দরপত্রদাতাকে দাখিলকৃত দরপত্রের সাথে জামানত স্বরূপ নিম্নোক্ত হারে বেসিক ব্যাংক পিএলসি, দিলকুশা শাখা, ঢাকার অনুকূলে ইস্যুকৃত ব্যাংক ড্রাফট/পে-অর্ডার দাখিল করতে হবে : (ক) উদ্ধৃত দর অনুর্দ্ধ ১০.০০ লক্ষ টাকার ক্ষেত্রে উদ্ধৃত দরের- ২০% ; (খ) উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকার অধিক এবং অনুর্দ্ধ ৫০.০০ লক্ষ টাকার ক্ষেত্রে উদ্ধৃত দরের- ১৫% ; এবং (গ) উদ্ধৃত দর ৫০.০০ লক্ষ টাকার অধিক ক্ষেত্রে উদ্ধৃত দরের- ১০% ।
- ০৩) অনুর্দ্ধ ১০.০০ লক্ষ টাকার উদ্ধৃত দরপত্র গৃহীত হওয়ার পরবর্তী ৩০(ত্রিশ) দিনের মধ্যে, ১০.০০ লক্ষ টাকা অপেক্ষা অধিক ও অনুর্দ্ধ ৫০.০০ লক্ষ টাকার দরপত্র গৃহীত হওয়ার পরবর্তী ৬০(ষাট) দিনের মধ্যে এবং ৫০.০০ লক্ষ টাকা অপেক্ষা অধিক দরপত্র গৃহীত হওয়ার ৯০ (নব্বই) দিনের মধ্যে দরদাতা সমুদয় মূল্য পরিশোধ করবেন, ব্যর্থতায় সমুদয় জামানতের টাকা বাজেয়াপ্ত হবে।
- ০৪) দরপত্র নির্ধারিত জামানতসহ ০৪/০৩/২০২৬ ইং তারিখ ০২.০০ ঘটিকার মধ্যে বেসিক ব্যাংক পিএলসি, দিলকুশা শাখা, ঢাকায় রক্ষিত বাস্তব দাখিল করতে হবে এবং উক্ত তারিখ বিকাল ০২.১৫ ঘটিকায় দরপত্র কমিটি কর্তৃক দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকে) দরপত্র খোলা হবে।
- ০৫) দরপত্র গৃহীত হবার ১০ (দশ) দিন পর লিখিত আবেদন পত্রের ভিত্তিতে অসফল দরপত্র দাতার জামানত ফেরৎ দেয়া হবে।
- ০৬) কম জামানত প্রদানকারী/ফ্রটিপূর্ণ দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ০৭) দরপত্রে সম্পত্তির মূল্য অস্বাভাবিক কম বা অন্যকোন কারণে গ্রহণযোগ্য না হলে ব্যাংক তা গ্রহণে বাধ্য থাকবে না।
- ০৮) দরপত্রদাতাকে তফসিলভুক্ত জমি ও প্রযোজ্য ক্ষেত্রে তদস্থিত ভবন ও অস্থাবর সম্পত্তির জন্য পৃথক পৃথক ভাবে দরপত্র দাখিল করতে হবে। তবে যে কোনটির আংশিক দরপত্র গ্রহণযোগ্য হবে না।
- ০৯) সর্বোচ্চ দরপত্রদাতা/গৃহীত দরপত্রের শর্তানুযায়ী অর্থ পরিশোধে ব্যর্থ হলে অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩(৩) ধারা মোতাবেক পরবর্তী দরপত্রদাতার দরপত্র গ্রহণযোগ্য হলে কর্তৃপক্ষ তা বিবেচনা করতে পারবেন।
- ১০) সম্পত্তির রেজিস্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ ও ক্রয়কৃত সম্পত্তির ট্যাক্সসহ অন্যান্য যাবতীয় খরচ ক্রেতাকে বহন করতে হবে।
- ১১) কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।
- ১২) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণকারী ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য (বন্ধকীকৃত সম্পত্তি) জানার জন্য নিলাম অনুষ্ঠানের পূর্বে অফিস চলাকালীন সময়ে যেকোন দিন বেসিক ব্যাংক পিএলসি, দিলকুশা শাখা, ঢাকায় যোগাযোগ করতঃ সরজমিনে সম্পত্তিস্থল পরিদর্শন করতে পারবেন।

### “স্থাবর সম্পত্তির তফসিল”

জিলা-ঢাকা, থানা-ধানমন্ডি ও সাব-রেজিস্ট্রি অফিস-তেজগাঁও, মৌজা-“ধানমন্ডি” স্থিত, প্লট নং-৫৯ (পুরাতন), ২৪ (নতুন), রোড নং-৬ তে অবস্থিত ৬তলা ভবন এর ৬ষ্ঠ তলায় ১৮২০ বর্গফুট বিশিষ্ট ফ্ল্যাট এবং নীচ তলায় ৩৪৭.৫০ বর্গফুট আয়তন বিশিষ্ট একটি কার পার্কিং সহ সর্বমোট ২১৬৭.৫০ বর্গফুট আয়তন বিশিষ্ট একটি ফ্ল্যাট যাহার নং-সি-৫ তৎসহ অচিহ্নিত ও অবিভক্ত ০.৬৭০ কাঠা ভূমি সকল প্রকার কমন সুবিধাদিসহ। যাহার চৌহদ্দিঃ উত্তরে-প্লট নং-৬০ (পুরাতন), রোড নং-০৭, দক্ষিণে-রোড নং-০৬, পূর্বে-প্লট নং-৪০ এবং পশ্চিমে-প্লট নং-৬২।

উপমহাব্যবস্থাপক ও শাখা প্রধান

দিলকুশা শাখা, ঢাকা।

০১৭১১৫৯৫৪৮৪

প্রকাশ তারিখঃ ০৬/০২/২০২৬

প্রথম আলো

সমকাল